



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়



## নওয়াব ফয়জুল্লাহ সরকারি কলেজ

পশ্চিমগাঁও, লাকসাম, কুমিল্লা।

তারিখ: ২৬/০৬/২০২৪ খ্রি.

### ২০২৪-২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, নওয়াব ফয়জুল্লাহ সরকারি কলেজে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি প্রক্রিয়া অবশ্যই নিম্নবর্ণিত তারিখ ও নিয়ম অনুযায়ী সম্পন্ন করতে হবে।

#### ভর্তির তারিখ ও সময়

তারিখ ও বার (সরকারি ছুটির দিন ব্যতীত)	সময়
১৫/০৭/২০২৪ খ্রি. সোমবার হতে ২৪/০৭/২০২৪ খ্রি. বুধবার পর্যন্ত	সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত।

#### ভর্তির নিয়মাবলী:

ভর্তির জন্য ইতোপূর্বে অনলাইনে নিশ্চয়নকৃত শিক্ষার্থীকে প্রথমে তাদের নিজ নিজ পাসপোর্ট সাইজের ছবি স্ক্যান করতে হবে। অতপর কলেজের [ওয়েবসাইটে \(www.nfgc.edu.bd\)](http://www.nfgc.edu.bd) নির্ধারিত লিংকে গিয়ে ভর্তি ফরম পূরণ করে নির্ধারিত স্থানে ছবি সংযুক্ত করবে এবং ভর্তির জন্য নির্ধারিত সেশন ও পরীক্ষার ফি বিকাশের মাধ্যমে জমা দিয়ে পূরণকৃত ফরম ও বিকাশে টাকা জমা দেয়ার রশিদ ডাউনলোড করে ২ কপি প্রিন্ট করবে (এক সেট প্রয়োজনীয় কাগজসহ কলেজে স্বহস্তে জমা দিবে এবং এক সেট নিজে সংরক্ষণ করবে)।

#### ভর্তি ফি এর হার নিম্নরূপ :

বিভাগ	ছাত্র	ছাত্রী
বিজ্ঞান	৩,৪৪২/- টাকা (বিকাশ চার্জ ছাড়া)	৩,২০২/- টাকা (বিকাশ চার্জ ছাড়া)
মানবিক/ ব্যবসায় শিক্ষা	৩,০৪২/- টাকা (বিকাশ চার্জ ছাড়া)	২,৮০২/- টাকা (বিকাশ চার্জ ছাড়া)

নির্ধারিত সময়ে ভর্তি না হলে অথবা পূরণকৃত ফরম ও ফি জমার রশিদ কলেজে জমা না দিলে অথবা ফরম পূরণের সময় কোন ভুল তথ্য প্রদান করলে শিক্ষার্থীর মনোনয়ন ও ভর্তি বাতিল হয়ে যাবে। সম্পূর্ণ প্রক্রিয়া অনলাইনে সম্পন্ন হবে বিধায় নির্ধারিত সময়ে সতর্কতার সাথে ভর্তির যাবতীয় কাজ সম্পন্ন করতে হবে।

ভর্তি সংক্রান্ত কাজে কারো সাথে কোন প্রকার আর্থিক লেনদেন করলে তার দায়িত্ব কলেজ কর্তৃপক্ষ বহন করবে না।

\*\*ভর্তির ফরমপূরণসহ সকল নির্দেশনা [ওয়েবসাইট www.nfgc.edu.bd](http://www.nfgc.edu.bd) ও [NFGC Online Classes](https://www.nfgc.edu.bd/OnlineClasses) ফেসবুক গ্রুপে দেয়া হবে।

# ২০২৪-২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির বিষয়গুচ্ছ :

আবশ্যিক বিষয় (সকল শাখা) : ১। বাংলা (১০১ ও ১০২) ২। ইংরেজি (১০৭ ও ১০৮)  
৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (২৭৫)

## শাখাভিত্তিক বিষয়

### বিজ্ঞান :

আবশ্যিক বিষয় : ৪। পদার্থবিজ্ঞান (১৭৪ ও ১৭৫) ৫। রসায়ন (১৭৬ ও ১৭৭)  
৬। জীববিজ্ঞান (১৭৮ ও ১৭৯) / উচ্চতর গণিত (২৬৫ ও ২৬৬)

৪র্থ ঐচ্ছিক বিষয়: ৭। জীববিজ্ঞান (১৭৮ ও ১৭৯) অথবা উচ্চতর গণিত (২৬৫ ও ২৬৬)

### ব্যবসায় শিক্ষা:

আবশ্যিক বিষয়: ৪। হিসাববিজ্ঞান (২৫৩ ও ২৫৪)  
৫। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (২৭৭ ও ২৭৮)  
৬। ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা (২৯২ ও ২৯৩)

৪র্থ ঐচ্ছিক বিষয়:  
৭। কৃষিশিক্ষা (২৩৯ ও ২৪০) অথবা অর্থনীতি (১০৯ ও ১১০)

### মানবিক :

আবশ্যিক বিষয় (যে কোনো ৩ টি বিষয় নিতে হবে):

৪। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (২৬৭ ও ২৬৮)

৫। পৌরনীতি ও সুশাসন (২৬৯ ও ২৭০)

৬। যুক্তিবিদ্যা (১২১ ও ১২২)

৭। সমাজবিজ্ঞান (১১৭ ও ১১৮) অথবা সমাজকর্ম (২৭১ ও ২৭২) এর মধ্যে যে কোনো একটি।

৮। অর্থনীতি (১০৯ ও ১১০)

৪র্থ ঐচ্ছিক বিষয়:

৯। কৃষিশিক্ষা (২৩৯ ও ২৪০) অথবা ইসলাম শিক্ষা (২৪৯ ও ২৫০)

## ভর্তির জন্য নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে

১. পূরণকৃত ভর্তি ফরম ১ কপি (১ কপি নিজে সংরক্ষণ করবে)।
২. বিকাশ লিংকের মাধ্যমে নির্ধারিত ফি জমা দেয়ার রিসিট ১ কপি (১ কপি নিজে সংরক্ষণ করবে)।
৩. এসএসসি পরীক্ষা পাশের মার্কশিট ও প্রশংসাপত্রের মূল কপি ও ২ সেট ফটোকপি। (উক্ত কাগজপত্রের প্রয়োজনীয় ফটোকপি নিজ বাড়িতে সংরক্ষণের জন্য পরামর্শ প্রদান করা হলো)
৪. ২ কপি পাসপোর্ট সাইজের ফরমাল রঙিন ছবি।
৫. পিতা এবং মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
৬. শিক্ষার্থীর অনলাইন জন্মনিবন্ধন সনদের ফটোকপি।
৭. প্রযোজ্য ক্ষেত্রে কোটার স্বপক্ষে মূল প্রমানপত্র। মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মূল সনদের সাথে মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যু করা ওয়ারিস সনদ।
৮. প্রযোজ্য ক্ষেত্রে ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত পাঠবিরতি প্রত্যয়নপত্র।

বিঃ দ্রঃ - সকল কাগজপত্র A4 সাইজের খামে করে জমা দিতে হবে। খামের উপর শিক্ষার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, বিভাগ, রোল নম্বর ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।




## কলেজ ইউনিফর্ম

- ⇒ ছেলেদের ক্ষেত্রে সবুজ (Sea Green) শার্ট, কালো (Black) প্যান্ট (ফরমাল) ও কালো জুতা (কালো রঙ এর জীন্স ও গ্যাবার্ডিন এর প্যান্ট গ্রহণযোগ্য নয়)।
- ⇒ মেয়েদের ক্ষেত্রে সবুজ (Sea Green) কামিজ/এপ্রোন, কালো(Black) সালোয়ার, সাদা স্কার্ফ ও সাদা কেডস।

নির্ধারিত রঙ ব্যতীত অন্য রঙের ইউনিফর্ম গ্রহণ করা হবে না। সবুজ (Sea Green) কাপড়ের রংয়ের একই মান বজায় রাখার লক্ষ্যে সকল শিক্ষার্থীদেরকে পদার্থবিদ্যা বিভাগ হতে নমুনা কাপড় ও ব্যাজ সংগ্রহ করে ইউনিফর্ম তৈরীর নির্দেশ দেয়া হলো।

ক্রাস শুরু আগামী ৩০/০৭/২০২৪ খ্রি. মঙ্গলবার।

  
২৬.০৬.২০২৪

প্রফেসর মোঃ আসফাক হোসেন (৩৬৬৩)

অধ্যক্ষ

নওয়াব ফয়জুল্লাহ সরকারি কলেজ,


লাকসাম, কুমিল্লা।

প্রফেসর মোঃ আসফাক হোসেন (৩৬৬৩)

অধ্যক্ষ

নওয়াব ফয়জুল্লাহ সরকারি কলেজ

লাকসাম, কুমিল্লা।

  
26-06-2024

মো: মনিরুল ইসলাম খান (১০৬৮১)

একাদশ শ্রেণির ভর্তি কমিটি-২০২৪-২৫

নওয়াব ফয়জুল্লাহ সরকারি কলেজ

লাকসাম, কুমিল্লা।